

স্টেপ প্রকল্পের বৃত্তি ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালায় শিক্ষামন্ত্রী
কারিগরি শিক্ষার ওপর আমাদের উন্নয়ন ও অগ্রগতি নির্ভর করছে

ঢাকা, ১৩ অক্টোবর

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কারিগরি শিক্ষার উন্নয়নে সরকার সর্বাঙ্গিক চেষ্টা চালিয়ে যাচ্ছে। কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষতা অর্জন করতে হবে। এর উপরই আমাদের অগ্রগতি নির্ভর করে। দক্ষতা অর্জন করতে পারলে সারা পৃথিবীতেই আমাদের তরুণদের কাজ করার সুযোগ রয়েছে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর শিক্ষার্থীদের বৃত্তি ব্যবস্থাপনা বিষয়ে 'স্টাইপেন্ড কমপ্লয়েস এন্ড ম্যানেজমেন্ট' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। স্কিলস এন্ড ট্রেনিং এনহান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ) এ কর্মশালার আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা হওয়া উচিত দক্ষতা নির্ভর। কারণ দক্ষতা অর্জন করতে না পারলে শিক্ষা নিয়ে অনেককেই বেকারত্বের যন্ত্রণা ভোগ করতে হয়। দক্ষতাবিহীন শিক্ষা ব্যক্তি, পরিবার ও সমাজের জন্য বোঝাস্বরূপ। বর্তমান সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিচ্ছে। আর এর মধ্যে কারিগরি শিক্ষাকে সর্বাধিক অগ্রাধিকার দিচ্ছে। বর্তমানে শতকরা ১৪ ভাগের বেশি শিক্ষার্থী কারিগরি শিক্ষায় পড়ালেখা করছে।

শিক্ষামন্ত্রী বলেন, ১৬২টি সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ৭ লাখ ৯৮ হাজার ১৩০ জন শিক্ষার্থীকে মাসিক ৮০০ টাকা হারে বৃত্তি প্রদান করা হয়। জানুয়ারি থেকে জুন ২০১৭ পর্যন্ত সময়ে ৩৭৭ কোটি ৪১ লাখ টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের কারিগরি শিক্ষায় উৎসাহিত করতে বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করে তিনি বলেন, ৪টি বিভাগীয় শহরে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। আরো ৪টি বিভাগে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।

মন্ত্রী বলেন, কারিগরি শিক্ষার বিস্তারে সবাইকে এগিয়ে আসতে হবে। কারিগরি শিক্ষার্থীদের মাঝে বৃত্তির টাকা বিতরণে অগ্রনী ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ টাকা নির্ধারিত সময়ে ও নিরাপদে পৌঁছে দেয়ার জন্য আরো উন্নতমানের পদ্ধতি ব্যবহারের আহবান জানান তিনি।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর, অগ্রনী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শামস-উল ইসলাম, বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশনস্ অফিসার ড. মো. মোখলেছুর রহমান এবং স্টেপ-এর প্রকল্প পরিচালক এ বি এম আজাদ বক্তৃতা করেন।

কর্মশালায় অগ্রনী ব্যাংকের বিভিন্ন শাখার ৫ শতাধিক শাখা মানেজার ও কর্মকর্তা এবং বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষগণ উপস্থিত ছিলেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯